মুজিবনগর আইডিয়াল মাদ্রাসায় শিক্ষার্থীদের পুরস্কার বিতরণী

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মুজিবনগর আইডিয়াল মাদ্রাসা ও দারুল উলুম হিফজে ফলাফল প্রকাশ এবং কৃতি শিক্ষার্থীদের পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে মাদ্রাসা প্রাঙ্গণে বর্ণাঢ্য আয়োজনে এ অনুষ্ঠান সম্পন্ন হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ও বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার আমির মাওলানা তাজউদ্দীন খান। তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, আধুনিক শিক্ষার পাশাপাশি নৈতিক ও ধর্মীয় শিক্ষায় শিক্ষিত হয়ে ভবিষ্যৎ প্রজন্মকে দেশ ও সমাজের কল্যাণে কাজ করতে হবে।

তিনি আরও বলেন, “শিক্ষা মানুষের চরিত্র গঠনের অন্যতম মাধ্যম। শুধু ভালো ফলাফল নয়, একজন সৎ ও আদর্শ মানুষ হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করাই প্রকৃত শিক্ষার লক্ষ্য।”

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদ, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক, বাংলাদেশ জামায়াতে ইসলামী মুজিবনগর উপজেলা শাখার আমির মাওলানা খান জাহান আলী, মোনাখালী ইউনিয়ন আমির মোখলেছুর রহমান, দারিয়াপুর ইউনিয়ন আমির আব্দুল হালিম এবং উপজেলা শাখার সহকারী সেক্রেটারি মুস্তাফিজুর রহমান।

এসময় আরও উপস্থিত ছিলেন, মাদ্রাসার পরিচালক মোহাম্মদ সোহেল রানা, সেলিম খান, মাওলানা আনোয়ার হোসেনসহ শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

অনুষ্ঠানের শেষপর্যায়ে বিভিন্ন শ্রেণিতে সাফল্য অর্জনকারী শিক্ষার্থীদের হাতে পুরস্কার ও সম্মাননা তুলে দেন অতিথিরা। পুরো অনুষ্ঠানজুড়ে শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে ছিল আনন্দঘন ও উৎসবমুখর পরিবেশ।

ঝিনাইদহ প্রেসিডেন্সি স্কুলে বার্ষিক ক্রীড়া ও পুরষ্কার বিতরণী

ঝিনাইদহ প্রেসিডেন্সি স্কুল এন্ড ক্যাডেট কেয়ার প্রতিষ্ঠানে বার্ষিক ক্রীড়া, সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার দিনব্যাপী এই অনুষ্ঠান শেষে বিকালে পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আব্দুর রউফ ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক ও সিনিয়র সাংবাদিক মোঃ শাহানুর আলম, এছাড়া বিশেষ অতিথি হিসেবে কলেজ শিক্ষক মোত্তাহিদুল ইসলাম নান্নু, প্রতিষ্ঠানের সহকারী প্রধান শিক্ষক সঞ্জয় কুমার বিশ্বাসসহ গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ইমদাদুল হক মিলন এবং সঞ্চালনায় ছিলেন, সহকারী শিক্ষিকা রত্না বিশ্বাস।

বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান নিয়ে বিদ্যালয়ের শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীরা আনন্দঘণ একটি দিন অতিবাহিত করেন।

মেহেরপুরে গণঅভ্যুত্থান স্মারক বিতর্ক উৎসবের পুরস্কার বিতরণী

“যুক্তি দিয়ে জাগো” এই শ্লোগানে জুলাই গণঅভ্যুত্থান স্মারক বিতর্ক উৎসব ২০২৫ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার মেহেরপুর ডিবেটিং ফোরামের উদ্যোগে ও জেলা পরিষদের সৌজন্যে জেলা পরিষদ মিলনায়তনে এ বিতর্ক উৎসব অনুষ্ঠিত হয়।

জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা ও অনুষ্ঠানের আহ্বায়ক

সামিউল হকের সভাপতিত্বে এবং মেহেরপুর ডিবেটিং ফোরামের আহ্বায়ক রিদওয়ানুল হক মুজাহিদ ও জেলা পরিষদের কর্মকর্তা জাহিদুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন অনুষ্ঠানের বাস্তবায়ন কমিটির সদস্য সচিব ও জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট শেখ তৌহিদুল কবীর এবং জেলা পুলিশের প্রতিনিধি ইন্সপেক্টর বজলুর রহমান।

অনুষ্ঠানে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।
ইতিহাসের প্রতি দায়বদ্ধতা এবং তারুণ্যের বুদ্ধিবৃত্তিক বিকাশে ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানের স্মরণে এবং তরুণ প্রজন্মকে সেই ঐতিহাসিক চেতনায় উদ্বুদ্ধ করতেই এই বিতর্ক উৎসবের আয়োজন করা হয়েছে বলে জানিয়েছেন আয়োজকরা।

মাধ্যমিক, কলেজ ও ডিগ্রি পর্যায়ের শিক্ষার্থীদের নিয়ে এই বিতর্ক উৎসবে মোট ২০টি দল অংশগ্রহণ করে।
একইসাথে মেহেরপুর সরকারি কলেজে এ বিতর্ক উৎসব অনুষ্ঠিত হয়। মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও ডিগ্রি পর্যায়ের শিক্ষার্থীদের নিয়ে গত কয়েকদিন ধরে সরকারি কলেজে বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

বিতর্ক প্রতিযোগিতায় বিজয়ীদের ফলাফল:

মাধ্যমিক পর্যায়ে চ্যাম্পিয়ন জিনিয়াস ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ, প্রথম রানার্সআপ জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় রানার্সআপ আমতৈল মাধ্যমিক বিদ্যালয়।
কলেজ পর্যায়ে চ্যাম্পিয়ন মেহেরপুর সরকারি মহিলা কলেজ, প্রথম রানার্সআপ ছহিউদ্দীন ডিগ্রি কলেজ, দ্বিতীয় রানার্সআপ মেহেরপুর সরকারি কলেজ। বিশ্ববিদ্যালয় ক্যাটাগরিতে
চ্যাম্পিয়ন মেহেরপুর সরকারি কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের বিজয় ২৪ দল, রানার্সআপ রাষ্ট্রবিজ্ঞান বিভাগের নবজাগরণ ২৪ দল। ডিবেটিং অব দ্য টুর্নামেন্টে মাধ্যমিক পর্যায়ে আবু জারিফ মোহাম্মদ জায়ান (জিনিয়াস ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ), কলেজ পর্যায়ে ইস্তিয়াক আহমেদ (মেহেরপুর সরকারি কলেজের দলনেতা)।

প্রধান অতিথির কাছ থেকে বিজয়ীরা সম্মাননা ক্রেস্ট গ্রহণ করেন।

জুলাই গণঅভ্যুত্থান দিবস উদযাপন উপলক্ষে বিভিন্ন আইডিয়া আহ্বান করা হয়।
বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠান থেকে মোট ৯টি আইডিয়া গ্রহণ করা হয়, যার মধ্যে ৩টি আইডিয়া বাছাই করে বাস্তবায়নের সিদ্ধান্ত নেওয়া হয়।

বাছাইকৃত আইডিয়াগুলো হলো ১. যুক্তি দিয়ে জাগো বিতর্ক প্রতিযোগিতা ২. ক্লিন স্কুল গ্রীন স্কুল ৩. মানবতার আলো জ্বালো।

৩৬ দিনব্যাপী অনুষ্ঠানের সমাপনী দিনে বিভিন্ন পর্যায়ের বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

ঝিনাইদহে ক্রিড়া প্রশিক্ষণের সমাপনী ও পুরস্কার বিতরণী

ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৪-২৫ এর আওতায় জেলা ক্রীড়া অফিস ঝিনাইদহের আয়োজনে অনূর্ধ্ব-১৫ ফুটবল, সাঁতার ও অ্যাথলেটিকস প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠান ও সাঁতার প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল জেলা শহরের বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে এ প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। জেলা ক্রীড়া অফিসার মোঃ মিজানুর রহমান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক রথীন্দ্র নাথ রায়। সেসময় অঙ্কুর নাট্য একাডেমির পরিচালক নাজিম উদ্দিন জুলিয়াস, সাঁতার প্রশিক্ষণের কোচ তরিকুল ইসলামসহ অন্যান্য ক্রীড়া সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জেলা পর্যায়ে সীরাত প্রতিযোগিতার পুরস্কার বিতরণী

ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন ইসলামিক ফাউন্ডেশন, মেহেরপুর জেলা কার্যালয় কর্তৃক বাস্তবায়িত জেলা পর্যায়ের সীরাত প্রতিযোগিতা ও সনদসহ পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

বুধবার সকাল ১১টায় ইসলামিক ফাউন্ডেশনের হলরুমে অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের জেলা প্রশাসক সিফাত মেহনাজ। তিনি বিজয়ীদের মাঝে পুরস্কার ও সনদপত্র বিতরণ করেন।

জেলা প্রশাসক সিফাত মেহনাজ তার বক্তব্যে বলেন, “তোমরা নতুন, তোমরা তরুণ। তোমাদের দিকে তাকিয়ে আছে বাংলাদেশ। তোমরা সবার সঙ্গে ভালো ব্যবহার করবে, সততা ও আদর্শ নিয়ে বড় হবে, এবং পড়ালেখার মাধ্যমে মা-বাবার স্বপ্ন পূরণ করবে।”

ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ. জে. এম সিরাজুম মুনীরের সভাপতিত্বে ও মোহাম্মদ তাওহীদুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন তথ্য অফিসার আব্দুল আল মামুন, খাদ্য অফিসার রিয়াজ মাহমুদ, ফিল্ড অফিসার ওবাইদুর রহমান প্রমুখ।

ঝিনাইদহে অ্যাথলেটিকস প্রতিযোগিতার পুরস্কার বিতরণী

ঝিনাইদহে ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৪-২৫ এর আওতায় জেলা প্রশাসন ও জেলা ক্রীড়া অফিসের আয়োজনে অ্যাথলেটিকস প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকালে জেলা শহরের বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক ও পৌরসভার প্রশাসক রথীন্দ্র নাথ রায় এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল।

এছাড়াও উপস্থিত ছিলেন ক্রীড়া সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ সহ অন্যান্যরা। উল্লেখ্য, ঝিনাইদহ জেলার ৬টি উপজেলার অ্যাথলেটিকস দল উক্ত টুর্নামেন্টে অংশগ্রহণ করেন।

চুয়াডাঙ্গায় বৃক্ষরোপন অভিযান ও বৃক্ষরোপন সমাপনী ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত

“বৃক্ষপ্রাণে প্রকৃতি-প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ” এই প্রতিপাদ্যে চুয়াডাঙ্গায় সপ্তাহব্যাপী বৃক্ষরোপন অভিযান ও বৃক্ষমেলার সমাপনী ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদে বুধবার বেলা সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাজিয়া আফরিন এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান বলেন, জেলা প্রশাসন ও সামাজিক বনবিভাগের যৌথ উদ্যোগে এবারের বৃক্ষমেলায় সকলের অংশগ্রহণ সত্যি প্রশংসনীয়। এবারের মেলায় ছাত্রছাত্রী, মহিলা, শিশু এবং সকলের অংশগ্রহণ মেলা সফল ও স্বার্থকতায় পরিপূর্ণতায় রুপ দিয়েছে।

দীর্ঘ করোনাকালীন প্রায় ৩ বছর বৃক্ষমেলা বন্ধ থাকায় এবারের মেলায় পর্যাপ্ত চারা বিক্রি হয়েছে। মেলা সফল ও স্বার্থকতায় রুপ দেওয়ায় তিনি বনবিভাগের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট কৃতজ্ঞতা

জ্ঞাপন করেন। সমাপনী অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাজিয়া আফরিন বলেন, বৃক্ষপ্রাণে প্রকৃতি-প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ” এ শ্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও সামাজিক বন বিভাগের যৌথ উদ্যোগে বৃক্ষরোপন অভিযান ও বৃক্ষ মেলা আজকে সম্পন্ন হয়েছে।

মেলার শুরু থেকে শেষ পর্যন্ত সকলে সহযোগিতা করায় সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। উক্ত সমাপনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) আবু তারেক, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক বিভাস চন্দ্র সাহা, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়া সহ চুয়াডাঙ্গা সামাজিক বনবিভাগের কর্মকর্তা বৃন্দ ও উক্ত মেলায় অংশগ্রহণকারী বিভিন্ন স্থান থেকে আগত নার্সারির মালিকবৃন্দ। উক্ত সমাপনী অনুষ্ঠানে সকল স্টল মালিকদের হাতে ক্রেষ্ট পুরষ্কার বিতরণ করা হয়।